২৬তম জাতীয় যুব হকি-২০১৭ এ বিকেএসপি চ্যাম্পিয়ন

নয়া দিগন্ত

১৪তম শিরোপা বিকেএসপির

ক্রীড়া প্রতিবেদক; ০৭ ফেব্রুয়ারি ২০১৭,মঙ্গলবার, ০০:

জাতীয় যুব হকির শিরোপাজয়ী বিকেএসপির খেলোয়াড়েরা উৎসব করছেন : নয়া দিগন্ত

ফাইনাল তো নয় যেন একই দল দুই গ্রুপে ভাগ হয়ে খেলা। গতকাল অগ্রণী ব্যাংক ২৬তম জাতীয় যুব হকির শিরোপার নির্ধারণী ম্যাচ ছিল সে রকমই। বিকেএসপির প্রতিপক্ষ ঢাকা শিক্ষা বোর্ড। এই শিক্ষা বোর্ডের ১০ জনই আবার বিকেএসপির খেলোয়াড়। অপেক্ষাকৃত সিনিয়র ও ভালোদের রেখে জুনিয়রদের ঢাকা শিক্ষা বোর্ডের পক্ষে খেলতে দেয় বিকেএসপি। বড় ভাই ছোট ভাইদের লড়াইয়ে জয় হয়েছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানেরই (বিএসপি)। ৫-০তে ম্যাচ জিতে বিকেএসপি ঘরে তুলল যুব হকির ১৪তম শিরোপা। আর রানার্সআপের সন্তুষ্টি ঢাকা শিক্ষা বোর্ডের। ম্যাচটি একপেশে হয়ে যায় প্রথমার্ধেই। ৩-০তে এগিয়ে যায় বিকেএসপি। ৩৭ ও ৫৮ মিনিটে আরো ২ গোল। ৬ ম্যাচে ২০ গোল দিয়ে সর্বোচ্চ গোলদাতা গোলদাতার পুরস্কার গেছে বিজয়ী দলের সোহানুর রহমানের দখলে। গতকালও পেনাল্টি কর্নার থেকে ২০ ও ৫৮ মিনিটে ২ গোল করেছেন এই পিসি স্পেশালিস্ট। ২৯ ও ৩৭ মিনিটে জোড়া গোল মহসিনের। ২৮ মিনিটে অপর গোল আসে দেবাশিষ কুমার নাগের স্টিক থেকে।

দুই দলের খেলোয়াড়রাই বিকেএসপির। একই মাঠে একই কোচের অধীনে তাদের প্রশিক্ষণ। তারপরও এই অসম লড়াইকে স্বাভাবিক বলে উল্লেখ করলেন বিকেএসপির টিম ম্যানেজার কাওসার আলী। তার মতে, সমান তালের লড়াই তো হবে না। আমরা আমাদের ভালোদের নিয়েই তো দল গড়েছি। তারপরও ভালো খেলেছে ঢাকা শিক্ষা বোর্ডের খেলোয়াড়েরা। আসলে এরা তো প্রতিপক্ষকে চেনে। ম্যাচেও তারা ছিল চাপমুক্ত। কাওসার আরো জানান, বাংলাদেশের হকির উন্নয়নে যা কিছু করছে বিকেএসপিই। এ রকম বিকেএসপি আরো থাকলে এবং আরো বেশি খেলোয়াড় তৈরির মাধ্যমে থাকলে উপকার হতো হকিরই। উঠে আসত মানসম্পন্ন খেলোয়াড়। সর্বোচ্চ গোলদাতা সোহানের মতে, আমি জাতীয় দলের ক্যাম্পে আছি। লক্ষ্য বাংলাদেশ দলে স্থান করে নেয়া। টুর্নামেন্ট সেরা শফিউল আলম শিশির জানান, আমরা ঢাকা শিক্ষা বোর্ডের খেলোয়াড়দের চেয়ে ভালো। তাই চ্যাম্পিয়ন হয়েছিল।

কালের কণ্ঠ

চ্যাম্পিয়ন বিকেএসপি

৭ ফেব্রুয়ারি, ২০১৭ ০০:০০

ক্রীড়া প্রতিবেদক : ৩৪ বছর পর ঢাকা শিক্ষা বোর্ড যুব হকির ফাইনালের মঞ্চে হাজির হয়ে স্বপ্ন দেখছিল শিরোপার। কিন্তু তাদের সেই স্বপ্ন ভেঙে দিয়েছে বিকেএসপি, ৫-০ গোলে ঢাকা শিক্ষা বোর্ডকে হারিয়ে তারাই শিরোপা অক্ষুণ্ন রেখেছে। ১৫ বার ফাইনাল খেলা দলটির এটি ত্রয়োদশ শিরোপা।

ফাইনালের দুই দলের আলাদা নাম হলেও বিকেএসপির ছাত্রদেরই আধিপত্য। ঢাকা শিক্ষা বোর্ডের দলেও ছিল বিকেএসপির ১০ জন হকি খেলোয়াড়। এই আসরে বিকেএসপির সঙ্গে অন্যদের তফাত্ এত বেশি তাদের সামনে কেউ দাঁড়াতেই পারেনি। ফাইনালেও হয়েছে তাই। ২০ মিনিটে সোহানুর রহমানের গোলে এগিয়ে যায় বিকেএসপি। এরপর দেবাশীষ একটি এবং মহসীন দুটি গোল করেছেন। শেষ গোলটিও এসেছে সোহানুর রহমানের স্টিক থেকে। বিকেএসপির কোচ কাওসার আলীও স্বীকার করেছেন, 'ফাইনালের লড়াইটা আসলে সেরকম হয়নি। কারণ সবাই চেনে সবাইকে। সেরাদের নিয়েই আমরা সাধারণত দল গঠন করে থাকি। আবার তাদের বেশির ভাগই প্রিমিয়ার লিগ খেলার অভিজ্ঞতা আছে। ' টুর্নামেন্টের সেরা বিকেএসপির সফিউল আলম মেরিনার্সের হয়ে খেলেছেন গত মৌসুমে।

৩৯ দলের যুব হকিতে নকআউট ভিত্তিতে খেলা হওয়ায় একটি দল বেশি ম্যাচ খেলার সুযোগ পায়নি। ফেডারেশন সম্পাদক আব্দুস সাদেক বলেছেন, 'বেশি ম্যাচ করতে পারি না আমরা অর্থের কারণে। '

প্রথম আলো

জাতীয় যুব হকি

বিকেএসপি ছাড়া কেউ নেই

ক্রীড়া প্রতিবেদক | আপডেট: ০২:৪৭, ফেব্রুয়ারি ০৭, ২০১৭ | প্রিন্ট সংস্করণ

ম্যাচ শেষ হতেই বিকেএসপির পতাকা গায়ে জড়িয়ে ছবি তুলতে ব্যস্ত হয়ে পড়লেন খেলোয়াড়েরা। অগ্রণী ব্যাংক ২৬তম জাতীয় যুব হকিতে টানা দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন বিকেএসপি।১৯৭৫ সালে শুরু হওয়া জাতীয় যুব হকিতে বরাবরই বিকেএসপির আধিপত্য। ২৬ আসরের মধ্যে ১৩ বারই চ্যাম্পিয়ন বিকেএসপি। কাল একপেশে ফাইনালে বিকেএসপি ৫-০ গোলে হারিয়েছে ঢাকা শিক্ষা বোর্ডকে।শিক্ষা বোর্ডের জন্য আরেকটা হতাশার দিন গেল কাল। সেই ১৯৮৩ সালে সর্বশেষ ঢাকা জেলার সঙ্গে যুগ্ম চ্যাম্পিয়ন হয়েছিল শিক্ষা বোর্ড। ৩৪ বছর পর ফাইনালে উঠেও ট্রফিটা ছোঁয়া হলো না। কিন্তু নামেই শিক্ষা বোর্ড, এই দলটাও বিকেএসপির খেলোয়াড়দের নিয়ে গড়া। ২২ জনের মধ্যে দশজনই বিকেএসপির। ফাইনালের একাদশেও খেলেছেন বিকেএসপির দশজন।

চলতি মাসে শুরু হয়েছে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি)। তিন পরীক্ষার্থী আল নাহিয়ান শুভ, মোহাম্মদ মোহসিন ও সাইজুদ্দিন খেলেছেন বিকেএসপি দলে। হকির এমনই টান যে পরীক্ষার পড়াশোনা ফেলে এঁরা ছুটে এসেছেন মওলানা ভাসানী স্টেডিয়ামে। ২০ মিনিটে পেনাল্টি কর্নার থেকে সোহানুরের গোলে প্রথমে এগিয়ে যায় বিকেএসপি। ২৮ মিনিটে ফিল্ড গোলে ব্যবধান দ্বিগুণ করেন দেবাশীষ। ২৯ ও ৩৭ মিনিটে পরপর দুই গোল করেন এসএসসি পরীক্ষার্থী মোহাম্মদ মোহসিন। ৫৮ মিনিটে পেনাল্টি কর্নার থেকেই ৫-০ করেছেন সোহানুর। ৬ ম্যাচে করেছেন ২০ গোল, পাবনার এই তরুণের হাতেই উঠেছে টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতার পুরস্কার। টুর্নামেন্ট সেরা শফিউল আলম। বিকেএসপির দুটি দলের মধ্যে লড়াই হলেও ফাইনালে প্রতিদ্বন্দ্বিতাই হলো না। জাতীয় যুব হকিতে অংশ নেওয়া ৩৯টি দলের মধ্যে শুধু ঢাকা, রাজশাহী, চট্টগ্রামের সঙ্গেই যা একটু লড়তে হয়েছে বিকেএসপিকে। কিন্তু বাকি দলগুলোর সঙ্গে খেলেছে একচেটিয়া। বিকেএসপি চ্যাম্পিয়ন হওয়ায় খুশি ম্যানেজার কাওসার আলী, 'অঘটন না ঘটলে আমি আশা করেছিলাম বিকেএসপিই চ্যাম্পিয়ন হবে। সেটাই হয়েছে। আমি খুশি।' যদিও বিকেএসপির একক আধিপত্যে একটু

নাখোশই তিনি, 'দুঃখজনক হলেও একজন পেশাদার কোচ হিসেবে সত্যি কথা বলতে চাই, অনেক জায়গায় যদি খেলা হতো তাহলে অনেক ভালো হতো। ভালো খেলোয়াড় উঠে আসত। জাতীয় দলও ভালো খেলত।'

ইনকিলাব
THE DAILY INQILAB

যুব হকির শিরোপা ধরে রাখলো বিকেএসপি

প্রকাশের সময় : ৭ ফেব্রুয়ারি, ২০১৭, ১২:০০ এএম

স্পোর্টস রিপোর্টার : দাপুটে জয়ে জাতীয় যুব হকির মুকুট ধরে রাখল বাংলাদেশ ক্রীড়াশিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। গতকাল মওলানা ভাসানী জাতীয় হকি স্টেডিয়ামের ফাইনালে ঢাকা শিক্ষা বোর্ডকে ৫-০ গোলে হারায় বিকেএসপি। বিকেএসপির সোহানুর রহমান ২০ ও ৫৮ মিনিটে পেনাল্টি কর্নারে দুটি গোল করেন। ২৯ ও ৩৭ মিনিটে দুটি ফিল্ড গোল করেছেন মো: মহসিন। ২৮ মিনিটে অন্য গোলটি এসেছে দেবাশিষ কুমার রায়ের স্টিক থেকে। এ নিয়ে ১৩ বার জাতীয় হকিতে সেরা হলো বিকেএসপি। ১৯৮৯ সালে প্রথম এই প্রতিযোগিতার শিরোপা জিতেছিল তারা। চ্যাম্পিয়ন বিকেএসপি ৩০ হাজার টাকা, রানার্স-আপ ঢাকা শিক্ষা বোর্ড ২০ হাজার টাকা প্রাইজমানি পায়। বিকেএসপির শফিউল আলম শিশির সেরা খেলোয়াড়, সোহানুর রহমান ২২ গোল করে সর্বোচ্চ গোলদাতা হন। দু'জনেই পান ১০ হাজার টাকার প্রাইজমানি।

ফাইনাল শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অগ্রণী ব্যাংক লি: এর জেনারেল ম্যানেজার পংকজ রায় চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লি: এর ডেপুটি জেনারেল ম্যানেজার শাহদাত হোসেন। এ ছাড়া বাংলাদেশ হকি ফেডারেশনের সাধারণ সম্পাদক আবদুস সাদেক, সহ-সভাপতি খাজা রহমতউল্লাহ, টুর্নামেন্ট কমিটির সম্পাদক মো: মাহাবুবুল এহছান রানা এ সময়ে উপস্থিত ছিলেন।

সংবাদ

বিকেএসপি চ্যাম্পিয়ন

ক্রীড়া বার্তা পরিবেশক

অগ্রণী ব্যাংক ২৬তম জাতীয় যুব হকির শিরোপা জিতেছে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। গতকাল ফাইনালে মওলানা ভাসানী স্টেডিয়ামে বিকেএসপি ৫-০ গোলে ঢাকা শিক্ষা বোর্ডকে হারায়। যুব হকিতে এটি বিকেএসপির ১৪তম শিরোপা। ২৬ আসরের মধ্যে ১৪ বারই চ্যাম্পিয়ন বিকেএসপি। ঢাকা শিক্ষা বোর্ডের সঙ্গে গতকাল বিকেএসপির সোহানুর রহমান ২০ ও ৫৮ মিনিটে পেনাল্টি কর্নারে দুটি গোল করেন। ২৯ ও ৩৭ মিনিটে দুটি ফিল্ডগোল করেছেন মো. মহসিন। ২৮ মিনিটে অন্য গোলটি করেছেন দেবাশিষ কুমার রায়। চ্যাম্পিয়ন বিকেএসপি ৩০ হাজার টাকা, রানার্সআপ ঢাকা শিক্ষা বোর্ড ২০ হাজার টাকা প্রাইজমানি পায়। বিকেএসপির শফিউল আলম শিশির সেরা খেলোয়াড়, সোহানুর রহমান ২২ গোল করে সর্বোচ্চ গোলদাতা হন। উভয়ই আর্থিক পুরস্কার পান। পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অগ্রণী ব্যাংক লিমিটেডের জেনারেল ম্যানেজার পংকজ রায় চৌধুরী, বাংলাদেশ হকি ফেডারেশনের সাধারণ সম্পাদক আবদুস সাদেক, সহ-সভাপতি খাজা রহমতউল্লাহ, টুর্নামেন্ট কমিটির সম্পাদক মো. মাহাবুবুল এহছান রানাও এ সময় উপস্থিত ছিলেন।

শফিউল আলম শিশির টুর্ণামেন্টের সেরা খেলোয়াড়

২৬তম জাতীয় যুব হকি-২০১৭ এ বিকেএসপি চ্যাম্পিয়ন

টুর্ণামেন্টের র্সবোচ্চ ২০ গোলদাতা সোহানুর রহমান।

‘ইংল্যান্ডের ম্যাচ হলেই টিভির সামনে’

ক্রীড়া প্রতিবেদক | আপডেট: ০২:৪৯, ফেব্রুয়ারি ০৭, ২০১৭ | প্রিন্ট সংস্করণ

গত সেপ্টেম্বরে যুব এশিয়া কাপের দলে ছিলেন, কিন্তু নিজেকে মেলে ধরতে পারেননি। জাতীয় যুব হকিতে সুযোগ পেয়েই টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতা হয়েছেন সোহানুর রহমান। বিকেএসপির ডিফেন্ডারের চোখে এখন জাতীয় দলে খেলার স্বপ্ন

* ৬ ম্যাচে সর্বোচ্চ ২০ গোল। টুর্নামেন্ট শুরুর আগে কি এতটা ভেবেছিলেন?

সোহানুর রহমান: মনের মধ্যে একটা আশা পুষে রেখেছিলাম। ভেবেছিলাম এবার হয়তো আমিই সর্বোচ্চ গোলদাতা হব। কিন্তু এতগুলো গোল করব তা ভাবিনি। স্বপ্নটা সত্যি হয়েছে বলে খুব ভালো লেগেছে।

* আপনি তো বেশির ভাগ গোলই করেছেন পেনাল্টি কর্নার (পিসি) থেকে। কাউকে অনুসরণ করেন?

সোহানুর: দেশের মধ্যে পিসি স্পেশালিস্ট চয়ন (মামুনুর রহমান) ভাই, আশরাফুল ভাইদের খেলা ভালো লাগে। আর দেশের বাইরে ইংল্যান্ডের অ্যাশলি জ্যাকসনের বড় ভক্ত। ওনার মতো ফ্লিকার হতে চেষ্টা করি। ইংল্যান্ডের কোনো ম্যাচ হলেই আমি খেলা দেখতে বসে যাই টিভির সামনে।

* এবার কেমন অনুশীলন করেছিলেন?

সোহানুর: বিকেএসপিতে যখন প্রতিদিন অন্যরা অনুশীলন শুরু করে, এর ঠিক আধা ঘন্টা আগে এসে আমি শুরু করি। প্রতিদিন অন্তত ৩০০ বলে হিট করি। ড্র্যাগ ফ্লিক করার চেষ্টা করি। পেনাল্টি কর্নারে আরও হাত পাকাতে চাই আমি।

* আপনি তো জাতীয় দলের ক্যাম্পেও ডাক পেয়েছেন। চূড়ান্ত দলে জায়গা পেতে কতটা আশাবাদী?

সোহানুর: জাতীয় দলের ক্যাম্পে থাকলেও চূড়ান্ত দলে সুযোগ তো আর পাইনি। আমার পজিশনে বর্তমানে অনেকেই রয়েছেন। এই যেমন চয়ন ভাই, কৌশিক ভাই, আশরাফুল ভাই। ওনাদের টপকেই জাতীয় দলে ঢুকতে চাই। এ জন্য আমাকে আরও বেশি পরিশ্রম করতে হবে। আরও ভালো খেলতে হবে।

* আপনি বিকেএসপিতে সুযোগ পেলেন কীভাবে?

সোহানুর: আমার বাবা বিকেএসপির নিরাপত্তা প্রহরী। বাবার সঙ্গেই আমি বিকেএসপিতে থাকি। সবাই যখন ক্রিকেট খেলতে যেত, আমি যেতাম হকি মাঠে। হকির অনুশীলন দেখতাম। এরপর একদিন তৃণমূল পর্যায়ের বাছাই হয়। সেখানে আমি টিকে যাই। কোচ রাজু স্যার আমাকে দেখে বললেন, তোর ফিটনেস ভালো। তুই লম্বা-চওড়া আছিস। তোকে দিয়ে হকিটা ভালো হবে। এরপর চূড়ান্ত ট্রায়ালে টিকে গেলাম। সেই থেকে নিয়মিতই হকি খেলছি।

* পরিবার থেকে কেমন সমর্থন পান?

সোহানুর: বাবা কখনো রাগ করেননি খেলা নিয়ে। আমার বড় ভাই রোকনুজ্জামানও সেনাবাহিনী দলে হকি খেলেন। উনি আমার অনুপ্রেরণা। ভাই জাতীয় দলে নিয়মিত সুযোগ পান না। তবে আমি নিয়মিতই খেলতে চাই জাতীয় দলে।

* এই টুর্নামেন্টে বেশির ভাগ দলই তো দুর্বল, এ জন্যই কি বেশি গোল হয়েছে?

সোহানুর: প্রতিপক্ষ কাউকেই ছোট করে দেখা ঠিক না। আমার ফরোয়ার্ড বন্ধুরা সব সময় চেয়েছেন আমাকে দিয়ে গোল করাবেন। এ জন্যই আমি পিসি নিতাম। বেশির ভাগ পিসি থেকেই গোল পেয়েছি। চেষ্টা করেছি দলকে ভালো একটা ফল এনে দিতে।

২৬তম জাতীয় যুব হকি-২০১৭ এ বিকেএসপি চ্যাম্পিয়ন